

নথি অফিসঃ ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা)
নথি শাখাঃ মডস জোন-১০

মুদ্রনকারীঃ ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা), মডস জোন-১০

নথি নম্বর: ৪৬.০৫.০০০০.৪১৫.২৬.০৫৫.২৪ নথির বিষয়: মিরপুর ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এন্ড কলেজ সংলগ্ন মেট্রোরেলের পিলার নং-১৪৭-১৪৮ এর পশ্চিম পার্শ্বে প্রধান সড়কে ভূগর্ভস্থ পানির পাইপ লাইনে লিকেজ মেরামত কাজের প্রাক্কলন অনুমোদন প্রসংগে।

নোট: ১ নোটের বিষয়: মিরপুর ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এন্ড কলেজ সংলগ্ন মেট্রোরেলের পিলার নং-১৪৭-১৪৮ এর পশ্চিম পার্শ্বে প্রধান সড়কে ভূগর্ভস্থ পানির পাইপ লাইনে লিকেজ মেরামত কাজের প্রাক্কলন অনুমোদন প্রসংগে।

অনুচ্ছেদ ১.০ - তারিখঃ ৮/৪/২৪ ৪:২২ অপরাহ্ন

সংযুক্তি নং- ১ হতে ৪ দেখা যেতে পারে। মডস জোন-১০ এর আওতাধীন মিরপুর ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এন্ড কলেজ সংলগ্ন মেট্রোরেলের পিলার নং-১৪৭-১৪৮ এর পশ্চিম পার্শ্বে প্রধান সড়কে ভূগর্ভস্থ পানির পাইপ লাইনে লিকেজ হয়ে রাস্তা ধসে যাচ্ছে। যেকোন সময় বড় কোন দূরঘটনা ঘটার সম্ভাবনা রয়েছে। আলোচ্য লিকেজটি মেরামতের নিমিত্তে জিই (আর্মি) মিরপুর হতে অত্র বিভাগে পত্র প্রেরণ করা হয়েছে (ক্রমিক নং-২)। আলোচ্য পত্রের প্রেক্ষিতে অত্র বিভাগ হতে সরেজমিনে লিকেজটি পরিদর্শন করা হয়। পরিদর্শনে ভূগর্ভস্থ ৩০০ মিঃমিঃ ব্যাসের পিভিসি লাইন ফেটে যাওয়ার বিষয়ে প্রাথমিক ধারণা করা হয়, কারণ মেট্রোরেলের কাজের সময় সংশ্লিষ্ট স্থান দিয়ে ৩০০ মিঃমিঃ ব্যাসের পানির লাইন শিফট করা হয়। জনদুরভোগ এরানোর স্বার্থে আলোচ্য লিকেজটি মেরামত করা অতীব জরুরী। কাজ সংশ্লিষ্ট স্থানের কিছু স্থির চিত্র এতদও সংগে সংযুক্ত করা হলো (ক্রমিক নং-৩)। আলোচ্য কাজটি সম্পন্ন করার লক্ষ্যে পূর্বানুমোদিত দরের ভিত্তিতে একটি প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। প্রাক্কলিত টাকার পরিমাণ ২৪,০৩৮/- (চব্বিশ হাজার আটত্রিশ টাকা মাত্র) টাকা। কাজটি অত্যন্ত জরুরী বিধায় পিপিআর ২০০৮ এর ৮১(১) ধারা মতে সম্পন্ন করা যেতে পারে। উক্ত কাজের ব্যয়ভার ২০২৩-২৪ ইং অর্থ বছরের ক্রয় পরিকল্পনার Water Pipe Line Maintenance (Code: 01-04-001) খাতের B(iii) হতে নির্বাহ করা যেতে পারে (সংযুক্তি ক্রমিক নং-১)। প্রাক্কলিত ২৪,০৩৮/- (চব্বিশ হাজার আটত্রিশ টাকা মাত্র) টাকা নির্বাহী প্রকৌশলী, মডস জোন-১০ এর অনুকূলে অস্থায়ী অগ্রিম হিসেবে বরাদ্দ দেয়া যেতে পারে, যা কাজ শেষে ভাউচারের মাধ্যমে সমন্বয় করা হবে।

সংযুক্তিসমূহ (৪):

- ১। ২০২৩-২৪ইং অর্থ বছরের ক্রয় পরিকল্পনার কপি।
- ২। জিই (আর্মি) মিরপুর থেকে প্রেরিত পত্র।
- ৩। প্রস্তাবিত কাজের স্থির চিত্র।
- ৪। কাজের প্রাক্কলন।

অনুচ্ছেদ ১.১ - তারিখঃ ৮/৪/২৪ ৪:২৬ অপরাহ্ন

এমতাবস্থায় জরুরী ভিত্তিতে মিরপুর ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এন্ড কলেজ সংলগ্ন মেট্রোরেলের পিলার নং-১৪৭-১৪৮ এর পশ্চিম পার্শ্বে প্রধান সড়কে ভূগর্ভস্থ পানির পাইপ লাইনে লিকেজ মেরামত কাজটি করার স্বার্থে উপস্থাপিত ২৪,০৩৮/- (চব্বিশ হাজার আটত্রিশ টাকা মাত্র) টাকা প্রাক্কলনটি বিধিমালা ২০০৮ এর ৮১ (১) ধারা অনুযায়ী বাস্তবায়নার্থে আর্থিক ও প্রশাসনিক অনুমোদনের জন্য পেশ করা হলো, যা প্রধান প্রকৌশলী মহোদয়ের আর্থিক ক্ষমার আওতাধীন।

৮/৪/২৪ ৪:৩৫ অপরাহ্ন
মোঃ আসাদুজ্জামান
উপ-সহকারী প্রকৌশলী
মডস জোন-১০

৮/৪/২৪ ৪:৪৪ অপরাহ্ন
মোঃ শফিক আহমেদ খান
নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব)
মডস জোন-১০

৮/৪/২৪ ৪:৫০ অপরাহ্ন
মোঃ মিজানুর রহমান
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
মডস সার্কেল-২

৮/৪/২৪ ৪:৫০ অপরাহ্ন
মুস্তাফিজুর রহমান
প্রধান প্রকৌশলী (অতিরিক্ত দায়িত্ব)
প্রধান প্রকৌশলী (পরিচালন ও
রক্ষণাবেক্ষণ)

অনুচ্ছেদ ১.২ - তারিখঃ ৮/৪/২৪ ১০:৪৪ অপরাহ্ন

Okay

৮/৪/২৪ ১০:৪৪ অপরাহ্ন
মুস্তাফিজুর রহমান
প্রধান প্রকৌশলী (অতিরিক্ত দায়িত্ব)
প্রধান প্রকৌশলী (পরিচালন ও
রক্ষণাবেক্ষণ)

১০/৪/২৪ ২:০৭ পূর্বাহ্ন
মোঃ মিজানুর রহমান
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
মডস সার্কেল-২

১০/৪/২৪ ২:০৭ পূর্বাহ্ন
মোঃ আসাদুজ্জামান
উপ-সহকারী প্রকৌশলী
মডস জোন-১০